সমকাল

তারিখ ..27 MAR 2015...
পৃষ্ঠা ...১... কলাম...৭...

# ছাত্রলীগকে দ্রুত সম্মেলন করতে প্রধানমন্ত্রীর নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

দ্রুততম সময়ের মধ্যে সংগঠনের কেন্দ্রীয় সম্মেলন দেওয়ার জন্য ছাত্রলীগের শীর্ষ নেতাদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা।

গতকাল স্বাধীনতা ও জাতীয় দিবসে ধানমণ্ডিতে বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির জনকের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রলীগ নেতাদের এমন নির্দেশ দেন। এ সময় সংগঠনের সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ ও সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি মেহেদী হাসান, সাধারণ সম্পাদক ওমর শরীফ ও ঢাকা মহানগর (উত্তর) সাধারণ সম্পাদক আজিজুল হক রানা উপস্থিত ছিলেন।

সিদ্দিকী নাজমুল আলম ডিসিসি নির্বাচনের ওয়ার্ড কাউন্সিলর প্রার্থী সমর্থনের বেলায় দলীয় পদ-পদবিবঞ্চিত ছাত্রলীগের সাবেক নেতাদের দিকে খেয়াল রাখার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ জানান। জবাবে প্রধানমন্ত্রী ছাত্রলীগের এই শীর্ষ নেতাকে বলেন, 'তোমরা সাবেক হবে কবে? তাড়াতাড়ি সম্মেলন দিয়ে সাবেক হও। তোমরা তাড়াতাড়ি সাবেক হলে ভালো সুযোগ-সুবিধা পাবে।'